



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ
শিক্ষা মন্ত্রণালয়
আইন শাখা-১
পরিবহণ পুল ভবন (কক্ষ নং-১১২)
সচিবালয় লিংক রোড, ঢাকা।
www.tmed.gov.bd

পত্র সংখ্যা-৫৭.০০.০০০০.০৪৬.০৩.০০১.১৮-১৪৮

তারিখঃ ০৫ চৈত্র ১৪২৬ ব.
১৯ মার্চ ২০২০ খ্রি.

বিষয়ঃ এ.টি মামলা নং-১০৬/২০১৯ (নতুন), ২০১/২০১৮ (পুরাতন) মামলায় সরকার পক্ষে প্রতিদ্বন্দ্বিতাকরণে জবাব দাখিল সংক্রান্ত।

সূত্রঃ (১) ডিটিই'র স্মারক নং- ৩৭.০০.০০০০.০৭৬.০৮.০১২.২০১৫-২৬৬, তারিখ: ১৯/০৩/২০১৮ খ্রি.
(২) টিএমইডি'র স্মারক নং- ৫৭.০০.০০০০.০৪৬.০৩.০০১.(এ.টি).১৮-১৮১ তারিখ: ১৩/০৯/২০১৮ খ্রি.
(৩) টিএমইডি'র স্মারক নং- ৫৭.০০.০০০০.০৪৬.০৩.০০১.(এ.টি).১৮-১০৮ তারিখ: ১৯/০২/২০১৯ খ্রি.
(৪) ডিটিই'র স্মারক নং- ৩৭.০৩.০০০০.০৩৬.০৪.১৩.২০.পলি (এটি-১৭)-১৮৯৯, তারিখ: ০২/০৩/২০২০ খ্রি.

উপর্যুক্ত বিষয় ও সূত্রোক্ত পত্রের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, কারিগরি শিক্ষা অধিদপ্তরধীন টাঙ্গাইল পলিটেকনিক ইন্সটিটিউট এর অধ্যক্ষ (সাবেক অধ্যক্ষ, কুষ্টিয়া পলিটেকনিক ইন্সটিটিউট) প্রকৌশলী জনাব মো: লুৎফর রহমান-কে সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ১৯৮৫ এর বিধি ৪ এর উপবিধি ৩(ডি) অনুযায়ী চাকুরী থেকে বরখাস্ত (dismissal from service) করে শিক্ষা মন্ত্রণালয়ের কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ হতে গত ১৯/০৩/২০১৮ তারিখে সূত্রোক্ত (১) নং স্মারকে প্রজ্ঞাপন করা হয়।

০২। উক্ত স্মারকের বিরুদ্ধে প্রকৌশলী জনাব মো: লুৎফর রহমান কর্তৃক চাকুরী হতে বরখাস্তের পুনরুদ্ধার রদ, রহিদ এবং বাতিল করে বিধি মোতাবেক সকল বকেয়া বেতন ভাতা ও পদোন্নতি প্রদানসহ চাকুরীতে পুনঃবহাল করার আদেশপ্রাপ্তির জন্য বিজ্ঞ প্রশাসনিক ট্রাইব্যুনাল-১ ঢাকায় এ.টি মামলা নং-২০১/২০১৮ দায়ের করা হয়।

০৩। উক্ত মামলার বিষয়ে সরকার পক্ষে প্রতদ্বন্দ্বিতার করার জন্য টিএমইডি হতে ১৩/৯/২০১৮ তারিখে সূত্রোক্ত (২) নং স্মারকমূলে ডিজি, ডিটিই বরারব কতিপয় নির্দেশনা দিয়ে পত্র প্রেরণ করা হয়। তৎপরবর্তীতে এ.টি নং- ২০১/১৮ মামলায় প্রতিদ্বন্দ্বিতার বিষয়ে কি কি ব্যবস্থা গ্রহণ করা হয়েছে সেবিষয়ে Specific ভাবে তথ্য প্রেরণ করার জন্য ১৯/২/১৯ তারিখে সূত্রোক্ত (৩) নং স্মারকে ডিজি, ডিটিই বরবারব পুনরায় পত্র প্রেরণ করা হয়।

০৪। এফসে ডিটিই'র বিজ্ঞ প্যানেল আইনজীবী কর্তৃক এ.টি মামলা নং-১০৬/২০১৯ (নতুন), ২০১/২০১৮ (পুরাতন) মামলায় সরকার পক্ষের জবাব প্রস্তুতপূর্বক সচিব মহোদয়ের সদয় অবলোকনসহ স্মারক প্রদানের নিমিত্তে সূত্রোক্ত (৪) নং স্মারকের মাধ্যমে টিএমইডি-তে প্রেরণ করা হয়েছে।

০৫। ডিটিই কর্তৃক প্রস্তুতকৃত জবাবের পর্যালোচনায় নিম্নবর্ণিত ত্রুটি পরিলক্ষিত হয়েছে-

- (ক) আর্জির বক্তব্যকে (আইন/বিধি উল্লেখপূর্বক) Deny করে যথাযথ জবাব তৈরী হয়নি।
- (খ) পিটিশনারের মামলা কোন আইনের কোন ধারা অনুযায়ী বারিত তা জবাবে উল্লেখ করা হয়নি।
- (গ) জবাবের বেশীরভাগ প্যারায় Matters of Record Related উল্লেখক্রমে জবাব তৈরী করা হয়েছে অর্থাৎ Specific আইন বিধি উল্লেখপূর্বক পিটিশনারের বক্তব্য খণ্ডন করে জবাব তৈরী করা হয়নি।
- (ঘ) পিটিশনারের বিরুদ্ধে গঠিত অভিযোগনামা ও অভিযোগ বিবরণী প্রযোজ্য আইনের আওতায় সঠিকভাবে প্রণীত হয়েছে এমন কোন তথ্য জবাবে উল্লেখ করা হয়নি।
- (ঙ) আইন বিধি উল্লেখ করে ডি.ডি. ও হিসাবে দায়িত্ব পালনের ব্যর্থতার বক্তব্য জবাবে উল্লেখ করা হয়নি।
- (চ) তৎকালীন প্রযোজ্য আইন বিধি অনুসরণপূর্বক পিটিশনারের বিরুদ্ধে আইনানুগ ব্যবস্থা গ্রহণ করা হয়েছে মর্মে জবাবে (নির্দিষ্টভাবে আইন/বিধির ধারা উল্লেখপূর্বক) তথ্য সমিবেশ করে জবাব তৈরী হয়নি।
- (ছ) ডিটিই কর্তৃক প্রণীত জবাব সংশোধন ব্যতীত বিজ্ঞ আদালতে দাখিল করা হলে সরকার পক্ষে হেরে যাওয়ার প্রবল আশংকা বিদ্যমান।

০৬। এফসে নিম্নরূপ ব্যবস্থা গ্রহণ করা প্রয়োজন-

- (ক) এ.টি মামলা নং-১০৬/২০১৯ (নতুন), ২০১/২০১৮ (পুরাতন) এর আর্জি পর্যালোচনাপূর্বক যথাযথ আইন/বিধির ধারা বা উপধারা উল্লেখক্রমে যথাযথ জবাব তৈরী পূর্বক বিজ্ঞ আদালতে দাখিলসহ পরবর্তীতে উপরিউক্ত নির্দেশনা অনুসরণপূর্বক মামলার জবাব প্রস্তুত করে বিজ্ঞ আদালতে দাখিল করা;
- (খ) ভবিষ্যতে মামলার জবাব তৈরীর ক্ষেত্রে আরো যত্নবান হওয়া;

০৭। এমতাবস্থায়, উল্লিখিত নির্দেশনামতে পরবর্তী প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণক্রমে গৃহীত ব্যবস্থার তথ্যাদি (প্রমাণকসহ) আগামি ২৫/০৩/২০২০ তারিখের মধ্যে টিএমইডি-কে অবহিত করার জন্য নির্দেশক্রমে মহোদয়-কে অনুরোধ করা হলো।

(মো: আ: খালেদ মিঞা) ২৩/৩/২০২০
সিনিয়র সহকারী সচিব (আইন)
ফোন-৪১০৫০১৫৭।

মহাপরিচালক
কারিগরি শিক্ষা অধিদপ্তর
এফ-৪/বি, আগারগাঁও, ঢাকা-১০০০।

অনুলিপি সদয় জ্ঞাতার্থে/কার্যার্থে:

- ১। সচিব মহোদয়ের একান্ত সচিব, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা (সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)।
- ২। সিস্টেম এনালিস্ট, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয় (পত্রটি ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)।
- ৩। অতিরিক্ত সচিব (কারিগরি) মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা
- ৪। অতিরিক্ত সচিব (অডিট ও আইন) মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা
- ৫। অফিস কপি/মাস্টার কপি।